দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 NOV 2017
পৃষ্ঠা ৮ কলাম ২

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের উত্তরপত্র পুনর্মূল্যায়ন প্রসঙ্গে

দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে মাস্টার্স পরীক্ষার খাতা পুনর্মূল্যায়ন সম্পর্কিত লেখায় তত্ত্বগত কিছু ভুল রয়েছে। যখন উত্তরপত্র পুনর্মূল্যায়নের জন্য আবেদন গ্রহণ করা হয়, তখন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উত্তরপত্র সংশ্লিষ্ট পরীক্ষকের কাছে চিঠি অথবা মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী প্রেরিত উত্তরপত্র পরীক্ষক সিলগালা করে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় পাঠান। প্রাপ্ত উত্তরপত্র মূল্যায়ন করে বর্তমান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এটি বিশ্ববিদ্যালয়ের প্রক্রিয়া। শিক্ষার্থীদের অভিযোগ মূল্যায়ন হয় না এবং আগের ফলাফল বহাল থাকে—আমি এ মন্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করি। কারন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করলে পূর্বের ফল পরিবর্তিত হয়। এটা আমার শিক্ষকতা জীবনের অভিজ্ঞতা।

উত্তরপত্র মূল্যায়নের ব্যাপারে যে বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে চাই—তা হলো ফরম পূরণের আগেই উত্তরপত্র পুনর্মূল্যায়নের ফলাফল প্রকাশ করা। যে ত্রুটির জন্য আমাদের কৈফিয়ত দিতে হয় সেটা ফরম পূরণের সময়সীমা শেষ হওয়ার পর পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করা হয় বলে।

মো. আসাদুজ্জামান
সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ,
সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা